Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Market, Market Intermediaries and Other Affairs Section
www.sec.gov.bd

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮২৩/২০১৯/৪৯৮ তারিখঃ মে ২৯, ২০২৪

**Hillcity Securities Limited. (CSE TREC # 037)**
301, Manru Shipping City (2nd Floor)
Chowhatta, Sylhet- 3100.

**বিষয়: আদেশ।**

কমিশনের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮২৩/২০১৯/৪৯৭ তারিখ: ২৯ মে ২০২৪ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

29-05-2024

**রুবেল হোসেন**
**সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)**
ই-মেইল- rubel@sec.gov.bd

**অবগতির জন্য অনুলিপি:**
১। নির্বাহী পরিচালক, এমআইএডি, বিএসইসি-তথ্যসূত্র: সিএসই পরিদর্শন চিঠি নং-CSE/RAD/Routine/report/2023(1), তারিখ: ৩০ এপ্রিল ২০২৩।
২। নির্বাহী পরিচালক, আইসিটিডি, বিএসইসি
৩। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সিএসই।
৫। অফিস কপি।

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার, উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮২৩/২০১৯/ ৭৩৭

তারিখঃ ~~[illegible]~~ মে ২৭.২০২৪

### আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত;

যেহেতু, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর পরিদর্শন কমিটি বিএসইসি এর পত্র নং-বিএসইসি/এসআরআই/আইএনএস/২০১৮/খন্ড-১/১০৭১ তারিখ ২৯ ডিসেম্বর ২০২০ স্মারকমূলে এবং Regulation 5.1(KA) of Chittagong Stock Exchange (Administration of Trading Right Entitlement Certificate) Regulations, 2020 এর মাধ্যমে Hillcity Securities Limited (CSE TREC # 037)-এ ২৯ এবং ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে পরিদর্শন (Inspection) কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনে এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করেছে। পরিদর্শন প্রতিবেদন থেকে অন্যান্যের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপিত হয়:

**Observation :** Hillcity Securities Limited. (CSE TREC # 037) effected inter-account transfer of aggregate balances of Tk. 1,905,300 to the client code 14500 from various other client codes on June 08, 2022 instead of carrying out the transactions through account payee cheque, payment order or bank draft, or any other mode of banking channel or systems as approved or recognized by Bangladesh Bank.

Whereas, as per rule 6 (1) of the Securities and Exchange Rules, 2020, *all receipts and payments in respect of all transactions, or series of transactions, shall be carried out through account payee cheque, payment order or bank draft, or any other mode of banking channel or systems as approved or recognized by Bangladesh Bank;*

Therefore, Hillcity Securities Limited **contravened rule 6 (1) of the Securities and Exchange Rules, 2020** by **effecting inter-account transfer of balances between various clients' accounts instead of carrying out the transactions through account payee cheque, payment order or bank draft, or any other mode of banking channel or systems as approved or recognized by Bangladesh Bank.**

যেহেতু, উপর্যুক্ত আলোচ্য বিষয়ে আইন ভঙ্গের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগ এর স্মারক নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮২৩/২০১৯/৩৯ তারিখ: ২১ জানুয়ারি ২০২৪ অনুযায়ী Hillcity Securities Limited কে ২৮ জানুয়ারি ২০২৪ তারিখে কারণ প্রদর্শনসহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়। শুনানীতে উপস্থিত হয়ে Hillcity Securities Limited ২৫ জানুয়ারি ২০২৪ তারিখের পত্রের মাধ্যমে নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

> "আসসালামুওয়ালাইকুম, বিগত ২১.০১.২০২৪ইং তারিখে প্রেরিত Show cause cum hearing notice এর প্রেক্ষিতে আমরা আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমরা সচরাচর প্রতিটি ক্লায়েন্ট কোডে পেমেন্টের বেলায় সংশ্লিষ্ট ক্লায়েন্টের ব্যাংক একাউন্ট উল্লেখপূর্বক A/C Pay চেক করে থাকি। বিগত ০৮.০৬.২০২২ইং তারিখে আমাদের কিছু গ্রাহকের আবেদন ও অনুরোধ এর প্রেক্ষিতে একটি সমাজিক প্রয়োজনে তাৎক্ষনিকভাবে তাদের টাকার প্রয়োজনে এবং প্রতিষ্ঠানের গ্রাহক সেবা বিবেচনায় নিয়ে আমরা ব্যাংকিং চেনেলের বাইরে ১৯০৫৩০০ টাকা বিও নং-১২০১৮৭০০৭৩৭৩৪৩৮০ জনাব মো: নাহিদুর রহমানের # ১৪৫০০ নং কোডে স্থানান্তর করে থাকি, যা বিধিমোতাবেক হয়নি। পরিস্থিতি বিবেচনায় ও গ্রাহক সেবার এহেন পদক্ষেপ নেওয়ার জন্য দুঃখ প্রকাশ করছি।
>
> আপনাকে এই মর্মে আশ্বস্ত করছি যে, ভবিষ্যতে বিধিমোতাবেক কার্যক্রম যথাযথভাবে পরিপালনে সচেষ্ট থাকব"



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

যেহেতু, Hillcity Securities Limited-এর উপর্যুক্ত বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, তাদের বিরুদ্ধে উপস্থাপিত ব্যাংকিং চ্যানেলের বাইরে বিভিন্ন কোডের টাকা একটি কোডে স্থানান্তরের অভিযোগ সঠিক সেহেতু এক্ষেত্রে Hillcity Securities Limited-এর ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, Hillcity Securities Limited উপর্যুক্ত কর্মকান্ডের ফলে **Rule 6 (1) of the Securities and Exchange Rules, 2020** লংঘন করেছে, যা সিকিউরিটিজ আইনের পরিপন্থী;

যেহেতু, পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, Hillcity Securities Limited-এর উপর্যুক্ত কর্মকান্ড Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য Hillcity Securities Limited-কে অর্থদন্ডে দন্ডিত করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 এ প্রদত্ত ক্ষমতাবলে-

- Hillcity Securities Limited-কে ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করল, যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে, অন্যথায় সিকিউরিটিজ আইন মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

29.5.24

ডঃ রুমানা ইসলাম
কমিশনার

বিতরণ:

১। **Hillcity Securities Limited. (CSE TREC # 037)**
301, Manru Shipping City (2nd Floor)
Chowhatta, Sylhet- 3100.



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd